# REGIONAL NEWS UNIT
# ALL INDIA RADIO, AGARTALA
## Date : 26-07-2026
## Time: 07.35-07.40 AM Hrs
## BENGALI MORNING BULLETIN

---

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ সকাল ১১টায় আকাশবাণীর মন-কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সঙ্গে মত বিনিময় করবেন। এটি হল মন-কি-বাত অনুষ্ঠানের ১৩৬তম পর্ব। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট www.newsonair.com ও newsonair mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউটিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে। এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুন: প্রচার করা হবে।

**********************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বিকেল ৪টা ৩০ মিনিটে ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে ‘বিকশিত ভাইব্রেন্ট ভিলেজ প্রোগ্রাম ২০২৬’-এর অংশগ্রহণকারীদের সঙ্গে মতবিনিময় করবেন। দেশের প্রতিটি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের ৪00-রও বেশি তরুণ অংশগ্রহণকারী মতবিনিময়ে অংশ নেবেন। লাদাখ, হিমাচল প্রদেশ এবং উত্তরাখণ্ড জুড়ে ৭৪টি ‘ভাইব্রেন্ট ভিলেজ’ বা সীমান্তবর্তী গ্রামকে কেন্দ্র করে গত ৪ থেকে ৩০ জুন পর্যন্ত দুই পর্যায়ে ‘বিকশিত ভাইব্রেন্ট ভিলেজ প্রোগ্রাম ২০২৬’-এর আয়োজন করা হয়েছিল। দেশজুড়ে আয়োজিত একটি অনলাইন কুইজ প্রতিযোগিতার মাধ্যমে অংশগ্রহণকারীদের নির্বাচন করা হয়েছিল, যেখানে তিন লক্ষেরও বেশি তরুণ অংশ নেয়। ‘মাই ভারত’-এর মাধ্যমে বাস্তবায়িত এই ‘বিকশিত ভাইব্রেন্ট ভিলেজ প্রোগ্রাম’-এর পরিকল্পনা করা হয়েছে প্রধানমন্ত্রীর সেই দৃষ্টিভঙ্গিকে বাস্তবায়িত করার লক্ষ্যে-যার আওতায় ভারতের সীমান্তবর্তী গ্রামগুলোকে দেশের ‘প্রথম গ্রাম’ হিসেবে গণ্য করা হবে এবং ‘বিকশিত ভারত’ গড়ার যাত্রায় তাদের সক্রিয় অংশীদার করে তোলা হবে।

************************

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গ্রামীণ এলাকাগুলিকে মাদকাশক্তির প্রভাব থেকে মুক্ত রাখার জন্য আহ্বান জানিয়েছেন৷ গতকাল ধর্মনগরের যুবরাজনগর ব্লকে কৃষকদের সঙ্গে মত বিনিময়কালে তিনি এই আহ্বান জানান| রাজ্যপাল এই ব্লকে উপ্তাখালি এসবি স্কুল, এগ্রোট্যাক মর্ডান রাইস মিল, পাম অয়েল গাছের বাগান, একটি শূকর পালন কেন্দ্র পরিদর্শন করেন। পরে ধর্মনগরের পুরনো জেল প্রাঙ্গনে জেল ক্যাফে পরিদর্শন করেন। উপ্তাখালি এসবি স্কুলে রাজ্যপাল

ছাত্রছাত্রী, শিক্ষক-শিক্ষিকা এবং এলাকাবাসীদের সঙ্গে পঠন-পাঠনের বিষয়ে খোঁজ খবর নেন।

এরপর রাজ্যপাল শ্রীপুর গ্রামপঞ্চায়েতে অবস্থিত এগ্রোট্যাক মর্ডান রাইস মিল ও  একটি পাম অয়েল গাছের বাগানও পরিদর্শন করেন। রাজ্যপালের সঙ্গে ছিলেন বিধায়ক জহর চক্রবর্তী, যাদব লাল নাথ প্রমুখ|

************************

**Train Services :**

লামডিং–বদরপুর সেকশনের নিউ হারাঙ্গাজাও স্টেশনের কাছে রেললাইনের নীচের মাটি বসে যাওয়ায় আগরতলা থেকে দূরপাল্লার ট্রেন চলাচলের উপর প্রভাব পড়েছে| উত্তর-পূর্ব রেলের মুখ্য জন সংযোগ আধিকারিক কপিঞ্জল কিশোর শর্মা জানিয়েছেন, যাত্রীদের নিরাপত্তার স্বার্থে আপাতত রেললাইনের ওই অংশে গতকাল ও আজ রাত ৭টা থেকে ভোর ৫টা পর্যন্ত সমস্ত যাত্রীবাহী ট্রেন চলাচল স্থগিত রাখা হয়েছে। এই কারণে আগরতলা থেকে এবং বহির্রাজ্য থেকে আগরতলাগামী বেশ কয়েকটি ট্রেনের সময়সূচিতে পরিবর্তন করা হয়েছে।

************************

**Kargil :**

আজ 'কার্গিল বিজয় দিবস'।পাকিস্তানের বিরুদ্ধে ভারতের বিজয়কে স্মরণীয় করে রাখতে প্রতি বছর ২৬শে জুলাই 'কার্গিল বিজয় দিবস' পালন করা হয়।

আজ প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং কার্গিল বিজয় দিবসের মূল স্মারক অনুষ্ঠানে অংশ নেবেন।

'কার্গিল বিজয় দিবস'-এর ২৭তম বর্ষপূর্তি উপলক্ষে লাদাখের দ্রাসে গতকাল দু`দিনব্যাপী স্মারক অনুষ্ঠানের সূচনা হয়েছে। সেখানে 'যুদ্ধ স্মরণ' কর্মসূচির মাধ্যমে ১৯৯৯ সালের কার্গিল যুদ্ধে সর্বোচ্চ আত্মত্যাগকারী বীর শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়।

*********************

**Minister Sudhangshu Das :**

তপশিলী জাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী সুধাংশু দাস এর উপস্থিতিতে গতকাল ঊনকোটি জেলার ফটিকরায় দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের পরিচালন কমিটি ও শিক্ষক-শিক্ষিকাদের নিয়ে এক বৈঠক অনুষ্ঠিত হয়।

বিদ্যালয়ের সার্বিক বিকাশ, শিক্ষার্থীদের পড়াশোনার মানোন্নয়ন ইত্যাদি বিষয়ে আলোচনা ও মতবিনিময় করা হয়। উপস্থিত ছিলেন, পরিচালন কমিটির চেয়ারম্যান নীলকান্ত সিংহ, বিদ্যালয়ের প্রধান শিক্ষক কৃষ্ণ রঞ্জন পাল প্রমুখ।

*********************

**Football :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া দ্বিতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতায় বীরেন্দ্র ক্লাব ও সরোজ সংঘের গতরাতের খেলাটি ড্র হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে নৈশালোকে অনুষ্ঠিত খেলাটি গোলশূন্য ভাবে শেষ হয়। ফলে উভয় দল পয়েন্ট ভাগ করে।

***********************

**Weather :**

আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ প্রধানত: মেঘলা থাকবে | রাজ্যের বিভিন্ন স্থানে হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে | আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি ও সর্বনিম্ন ২৬ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭ ডিগ্রি সেলসিয়াস।

**********************

********************